DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 20 Nov 2026, 05:59 PM

সারাদেশ

রুমিন ফারহানার বক্তব্যে সহ্যসীমা পার হচ্ছে, অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে: এমপি নাদিয়া

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৯:৫৫ PM



ব্যারিস্টার রুমিন ফারহানা বিএনপি ও দলের শীর্ষ নেতৃত্বকে নিয়ে □কুরুচিপূর্ণ□ মন্তব্য করছেন বলে অভিযোগ তুলেছেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নাদিয়া পাঠান পাপন।

তিনি বলেছেন, □রুমিন ফারহানার বক্তব্যে দলের নেতাকর্মীদের সহ্যসীমা পার হয়ে যাচ্ছে। আমাদের ধৈর্যেরও একটা সীমা আছে। সহ্যসীমা পার হয়ে গেলে অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে, যা কাম্য নয়।□

আজ বৃহস্পতিবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চান্দুরা ইউনিয়নের বেকিনগর গ্রামে বৃক্ষরোপণ কর্মসূচিতে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান ঘোষিত □পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি□র অংশ হিসেবে স্থানীয় বিএনপি এই কর্মসূচির আয়োজন করে।

নাদিয়া পাঠান বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মনোনয়নে ব্রাহ্মণবাড়িয়া জেলার সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য। তিনি ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির নেত্রী।

সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নাদিয়া পাঠান অভিযোগ করেন, বিএনপি রুমিন ফারহানাকে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য করে রাজনৈতিক পরিচিতি দিয়েছিল। কিন্তু এখন তিনি দলের প্রতি চরম অকৃতজ্ঞতা প্রকাশ করছেন।

নাদিয়া পাঠান বলেন, গত ১৭ বছরে বিএনপির নেতাকর্মীদের ত্যাগের কথা ও দলীয় বক্তব্য রুমিন ফারহানাকে লিখে দেওয়া হতো এবং তিনি শুধু সেগুলো জনগণের সামনে তুলে ধরতেন।

তিনি আরও বলেন, উনি প্রায়ই বলেন, বাবা-দাদার রাজনীতি ছাড়তে হবে। আরে ভাই, আপনার নিজের যোগ্যতা থাকলে বারবার বাবার নাম জপতে হয় কেন? নিজের যোগ্যতায় বড় হতে হয়।

শেখ হাসিনার সঙ্গে রুমিন ফারহানার আচরণের মিল রয়েছে মন্তব্য করে নাদিয়া বলেন, শেখ হাসিনা যেভাবে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও তারেক রহমানকে নিয়ে অবান্তর ও কুরুচিপূর্ণ মন্তব্য করতেন, বর্তমানে যেন সেই দায়িত্বই রুমিন ফারহানা নিজের কাঁধে তুলে নিয়েছেন।

তারেক রহমানকে নিয়ে রুমিন ফারহানার সাম্প্রতিক একটি মন্তব্যের প্রসঙ্গ তুলে নাদিয়া পাঠান বলেন, তারেক রহমান অপুষ্টিতে ভুগছেনএমন অবাস্তব ও জ্ঞানশূন্য কথা উনি কীভাবে বলেন? উনি কি উনার (তারেক রহমান) ব্যক্তিগত চিকিৎসক?

এসব অভিযোগ ও মন্তব্যের বিষয়ে রুমিন ফারহানার কাছে জানতে চাইলে তিনি দ্য ডেইলি স্টারকে বলেন, কে বা কারা আমাকে নিয়ে কী বলেছে তা আমি জানতে চাই না। এ নিয়ে কোনো মন্তব্যও করতে চাই না।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/rumin-farhanar-bktbje-shjsima-par-hchchhe-opritikr-ghtna-ghtte-pare-empi-nadiya